উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত (৪২ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৯.১২.২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরুপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, করোনার নতুন ভেরিয়েন্ট পাওয়া গেছে। করোনার টিকা ৪র্থ ডোজ দেওয়া শুরু হয়েছে। প্রথম পর্যায়ে ৬০ বছর উর্দ্ধ বয়স্কদের দেওয়া হবে। আগামী ০৭-১২ জানুয়ারি, ২০২৩ কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ পালিত হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | জনাব জনি খান, উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী হিসেবে অত্র উপজেলায় যোগদান করায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বানীবহ ও মূলঘর ইউনিয়নে চেয়ারম্যানগণকে জলাবদ্ধতার বিষয়ে জানতে চান। সেচ পাম্প বন্ধ থেকে চাষাবাদ যাতে ব্যহত না হয় সে বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমে সমসময় পাশে থাকার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। গবাদিপশুর সংক্রামক রোগ নিয়ন্ত্রণে সকল ইউনিয়নে ভ্যক্সিনেসন কার্যক্রম পরিচালিত হয়েছে। পশুখাদ্যের বর্ধিত দাম মোকাবেলায় নেপিয়ার পাকচং, ভুট্টা, পারা, জার্মান (জলমগ্ন/ স্যাঁতস্যাঁতে জমির জন্য) সহ উন্নত জাতের ঘাস চাষের ব্যবহার বাড়াতে হবে। ঘাস চাষ সম্প্রসারণ এর জন্য প্রাণিসম্পদ বিভাগ বিভিন্ন ভাবে কাজ করে যাচ্ছে। পশুখাদ্য হিসেবে ঘাসকে কেটে খাওয়ানোর সুবিধার জন্য খামারিগণকে প্রতিটি ইউনিয়নে অন্তত ১ (একটি) করে বৈদ্যুতিক ঘাস কাটার যন্ত্র স্থাপন করলে খামারিদের বিশেষ উপকার হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী নভেম্বর, ২০২২ হতে জুন পযন্ত মোট ৮ মাস জাটকা সংরক্ষণ অভিযান-২০২২ বাস্তবায়ন করা হবে। উক্ত সময়ে জাটকা (২৫ সেমি এর ছোট ইলিশ) আহরণ, বিক্রয়, পরিবহন, মজুদ ও বিপনন নিষিদ্ধ। জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা করে এ মাসে রাজবাড়ী বড় বাজার মাছ বাজার হতে ১০ কেজি জাটকা আটক করে এতিমখানায় বিলিয়ে দেয়া হয়েছে। উক্ত কার্যক্রম অব্যাহত থাকবে। প্রতি বছরের ন্যায় এ বছরও জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য মৎস্য ভিজিএফ বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট চেয়ারম্যান মহোদয়দের মাধ্যমে জাটকা আহরণে বিরত থাকা জেলে/মৎস্যজীবী পরিবারের মাঝে মৎস্য ভিজিএফ বিতরণ করা হবে। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, বসন্তপুর ইউনিয়নে সড়ক নির্মাণে গাছ অপসারণের বিষয়ে জেলা পরিষদ, রাজবাড়ীতে যোগাযোগের জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ হয়েছে। প্রাথমিক বৃত্তি পরীক্ষার কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী ০১ জানুয়ারি, ২০২৩ বই বিতরণ হবে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ২৫ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের বয়স্ক ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বয়স্ক ভাতার অনুমোদিত সংখ্যা ১০,৯৬৪ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১৬,৪৬,০০০/- টাকা। বিতরণের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ৩,৩৫৯ জন, বিতিরণকৃত টাকার পরিমান ৫০,৩৮,৫০০/-। বিতরণের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের প্রতিবন্ধী ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী ভাতার সংখ্যা ৫,৪৫৭ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৩৯,১৫,৩৫০/-। বিতরণের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৬৭জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৫৭,২০০/-। বিতরণের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৭০ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১৬,৬২,০০০/-, অপেক্ষমান নাই। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার সংখ্যা ৮৮ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৩২,০০০/-, অপেক্ষমান নাই। আরএসএস পুন:বিনিয়োগ করা হয় ১১,৪৫,০০০/- এবং আদায়কৃত ১১,৪০,০৯৫/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৯২ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ৩য় পর্যায়ে ২য় ধাপে বরাদ্দকৃত ৪৫ টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। টিআর, কাবিখা ও ৪০ দিনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২০২১ মেঃ টন চাউল ও ৭৫৯ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির অন লাইনে যাচাইকৃত উপকারভোগীদের মধ্যে সেপ্টেম্বর-নভেম্বর/২২ পযন্ত অনলাইন যাচাইকৃত উপকারভোগীদের মধ্যে ৩০ কেজি করে চাল ১৫/- টাকা দরে বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ডিসেম্বর/২০২২ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৩৪৩৬ জন, মোট গ্রহণকারী ৫৭৪৯৭ জন, গ্রহনকারীর হার ৭৮.৩০%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০৫ জন, মহিলা ১৭ জন। মোট স্থায়ী পদ্ধতি ২২ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৬১৯ জন, আইইউডি ১৩২ জন ও ইমপ্লান্ট ২৬৮ জন। আশ্রয়ন প্রকল্পে ডিসেম্বর/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫২ জন। নরমাল ডেলিভারি ১১৬ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিতরণ ২৬,৪০,০০০/- টাকা (৪২ জন), চলতি মাসে বিতরণ ৩,২০,০০০/- টাকা (০৮ জন) ক্রমপুঞ্জিত বিতরণ ৪,৬৫,৩০,০০০/- টাকা (১২৪৭ জন), কিস্তি খেলাপী ১,৮৪,৪৫৭/- টাকা, ঋণ খেলাপী ৩,৪৩,৮৩৭/- টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ছিল ০৭ ব্যাচে ২১০ জন, অগ্রগতি ০১ ব্যাচে ৩০ জন। আত্নকর্মী লক্ষ্যমাত্রা ৬০ জন, অগ্রগতি ৩৮ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে রুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ২১,৪০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১,৭১২/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ৫,০৮,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ১৭,০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ২,৩৭,০০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ২৩,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের ২য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৭৫ টি সম্পূর্ণ হয়েছে এবং ৩য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩১২ টি সম্পূর্ণ হয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ১০ টি নলকূপ খনন কাজ সম্পূর্ণ হয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | এন.এন.জি.পি. এস প্রকল্পে আওতায় ০৬ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ সম্পূর্ণ করে বিদ্যালয় কর্তৃপক্ষকে বুঝিয়ে দেওয়া হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৪ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ২০ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় এডিপি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের ডিসেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ ২৬.৮০ লক্ষ টাকা, ঋণ আদায় ৪০.০০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৩.৭৬ লক্ষ টাকা ও সদস্য ভর্তি ১৮ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ ১২৯.৫০ লক্ষ টাকা, ঋন আদায় ১৩০.৪২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৫.৬৫ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

০৪। সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ৫১তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহ বাবদ ৫৫,০০০/- (পঁঞ্চান্ন হাজার) টাকা উপজেলা পরিষদ হতে আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৫১তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার ব্যয় নির্বাহ বাবদ ৫৫,০০০/- (পঁঞ্চান্ন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৫। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর নভেম্বর/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর নভেম্বর/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৬,৫০০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(ক) উপজেলা পরিষদের অফিস ও আবাসিক ভবনসমূহের ছাদ পরিস্কার পরিচ্ছন্ন, আবাসিক ভবন ও অফিস চত্বরের বর্জ্য অপসারণ ও পরিস্কার পরিচ্ছন্ন করণের লেবার খরচ বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। ক) চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, মূলঘর ইউনিয়নের নানাবিধ সমস্যার কথা বলে ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ বিষয়ে কার্যবিবরণীতে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

খ) চেয়ারম্যান, শহীদওহাবপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান তার ইউনিয়ন পরিষদে কোন স্বাস্থ্য কমপ্লেক্স নাই। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মুক্তিযোদ্ধাদের কেবিনের যে দূর অবস্থা তা নিরসণের জন্য হাসপাতাল তত্বাবধায়কের বরাবর পত্র প্রদানের অনুরোধ জানান। রামপুর প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নাই। প্রধান শিক্ষকের পদায়নের অনুরোধ জানান। ব্রাক যত্রতত্র স্কুল খোলায় শিক্ষা ব্যহত হচ্ছে। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর যে সকল স্থানে টিউবওয়েল স্থাপন করেন নি যে গুলো দ্রুত স্থাপনের জন্য অনুরোধ জানান।

গ) বীরমুক্তিযোদ্ধা এম. এ জলিল সভায় ২০২২ সালে সরকারের বিভিন্ন অর্জন তুলে ধরেন। ২০২৩ সালে সকল ভূল সংশোধন করে কাজ করার আহবান জানান। বীর নিবাস নির্মাণের কাজ দ্রুত সম্পন্নে অনুরোধ জানান। সকলকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন।

জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। সভায় বিলম্বে উপস্থিত হওয়ার জন্য ক্ষমা প্রার্থনা করেন। তার কাযকাল ০৪(চার) বছর পূর্ণ হচ্ছে মর্মে জানিয়ে আগামীতে সকলের সহাযোগীতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২২-১২০৭(৫০)

তারিখ : ২৯.১২.২০২২ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ..............................................................

..............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৯/১২/22

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।